টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্শন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
(দাদাঠাকুর)

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা।
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই মাঘ বুধবার, ১৩৭৫ ইং 29th Jan. 1969 | ৩৬শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

PATENT NO.
খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ক্রিকেট, ভলিবল, ব্যাডমিণ্টন।
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই মাঘ বুধবার সন ১৩৭৫ সাল।

# ২৩শে জানুয়ারী

--০--

বাংলার ২৪ পরগণা জেলার অধিবাসী শ্রীজানকীনাথ বসু মহাশয় উৎকল দেশের কটক শহরে সরকারী উকিল ছিলেন। ৭৩ বৎসর পূর্ব্বে ২৩শে জানুয়ারীর মধ্যাহ্ন সময়ে তাঁহার সহধর্ম্মিণী শ্রীমতী প্রভাবতী দেবী এক পুত্র সন্তান প্রসব করেন। জাতক ভূমিষ্ঠ হইলেন যে স্থানে—তাহার নাম কটক। কটক শব্দের অর্থ সৈন্য এবং সেনানিবেশ। জাতকের জন্মস্থান 'কটক' শব্দের সঙ্গে তাঁহার ভবিষ্যৎ জীবনের সৈন্য সন্নিবেশ ও পরিচালনার যে সম্বন্ধ রহিয়াছে, তখন এক বিধাতা ভিন্ন অন্য কেহ অনুমানও করিতে পারেন নাই। এই জাতকই আমাদের বাংলার গৌরব,—পরাধীন দেশের সীমার বাহিরে স্বাধীন রাজ্য সংস্থাপয়িতা,—অঘটন ঘটন-পটিয়সী শক্তির অধিকারী,—বর্ত্তমান যুগের শিবাজীর বাংলা সংস্করণ,—পরস্পর বিরুদ্ধভাবাপন্ন বিভিন্ন সম্প্রদায়ভুক্ত ভারতীয়গণকে একতাসূত্রে গ্রন্থনকারী, বাংলার কায়স্থকুলতিলক গৌতম গোত্র-সম্ভূত চির-অমর নেতাজী—**সুভাষচন্দ্র বসু।**

শিশু সুভাষচন্দ্রের বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে তাঁহার প্রতিভা ও স্বাধীনতা স্পৃহা বলবতী হইতে লাগিল। যখন তিনি প্রেসিডেন্সী কলেজে অধ্যয়ন করেন, তখন ইংরাজীর অধ্যাপক ওটেন সাহেবের ছাত্রগণের সহিত বিজিত পরাধীন জাতির প্রতি বিজেতা শাসক জাতির অবজ্ঞাপূর্ণ ব্যবহারের প্রত্যক্ষ প্রতিবাদে—দ্বাপরে মহাবীর অর্জ্জুনের অন্যায় পক্ষের সমর্থনে আত্মবিক্রয়কারী শিক্ষাগুরু দ্রোণাচার্য্যের বিরুদ্ধে অস্ত্র ধারণের মত বিরুদ্ধাচরণ করিতেও সুভাষচন্দ্র পশ্চাৎপদ হন নাই। ফলে তাঁহাকে কলেজ হইতে বহিষ্কৃত হইতে হইয়াছিল।

তাঁহার প্রতিভা তাঁহাকে কলিকাতার মেয়র পদ হইতে ভারতের রাষ্ট্রপতির পদে যেমন নির্ব্বাচন করিয়াছিল, তেমনি অদম্য আত্মসম্মান জ্ঞান ও জন্মভূমি ভারতের বন্ধন-শৃঙ্খল-মোচন-স্পৃহা তাঁহাকে পুনঃ পুনঃ কারাবরণ ও নির্ব্বাসন ভোগ করিয়া নূতন নূতন ত্যাগ মন্ত্রে দীক্ষিত করিতে ক্রটি করে নাই। পিতৃদেবের মৃত্যুকালে শেষ দেখাও তাঁহার ভাগ্যে ঘটে নাই।

লীগ রাজত্বের আমলে তাঁহার এলগিন রোডস্থ বাটীতে অবরুদ্ধ অবস্থায় থাকা কালে তিনি যে অদ্ভুত কৌশলের পরিচয় দিয়াছেন, তাহা জগতের ইতিহাসে অপূর্ব্ব। নাজিমউদ্দীনের পুলিশ গোয়েন্দার দিবারাত্রি সতর্ক দৃষ্টির মধ্য হইতে ভ্রাতুষ্পুত্র শিশির-কুমারকে তাঁহার মোটরের চালকরূপে গ্রহণ করিয়া পাঞ্জাবী মুসলমান বেশে গৃহত্যাগ করিলেন। বাড়ীর ভিতরে মা আছেন—যাত্রাকালে হিন্দুসন্তান তাঁহার রক্ষাকবচরূপে মাতৃ পদধূলি গ্রহণ করিয়া থাকেন। যাত্রাকালে সুভাষচন্দ্রের মনের ভাব কবির ভাষায় বলিতে গেলে, তিনি মনে মনে বলিয়াছিলেন—

"উদ্দেশে প্রণাম করি মা, আশীর্ব্বাদ কর সন্তানে,
জন্মের মত জননী গো বিদায় নিলাম শ্রীচরণে।"

সুভাষচন্দ্রের সঙ্গে আর মায়ের দেখা হয় নাই। তাঁহার অনুপস্থিতিতেই মাতৃদেবী স্বর্গারোহণ করেন।

সুভাষচন্দ্রের ভ্রাতুষ্পুত্র শিশিরকুমার তাঁহাকে গোমো ষ্টেশনে পেশোয়ারগামী ট্রেণে তুলিয়া দিয়া প্রত্যাগমন করেন। সুভাষচন্দ্র পেশোয়ার হইতে কাবুল, তথা হইতে ইউরোপ গিয়া হিটলার মুসোলিনী প্রভৃতি যোদ্ধগণের সহিত সাক্ষাৎ করিয়া জার্ম্মাণীতেই যুদ্ধবন্দী ভারতীয় সেনাগণকে লইয়া তাঁহার আজাদ হিন্দ ফৌজ সংগঠন করেন। হিটলার তাঁহার স্বাধীন ভারতের জাতীয় পতাকাকে অভিবাদন করিয়া সুভাষচন্দ্রের স্বাধীনতা স্বীকার করিয়াছিলেন। ইউরোপ হইতে জাপানে আসার পর ক্রমে তাঁহার আজাদ হিন্দ ফৌজের বীরত্বকাহিনী জগতে ছড়াইয়া পড়ে।

ভারত আজ স্বাধীন হইয়াছে। সুভাষচন্দ্র আজ কোথায়? কেহ বলে তিনি জীবিত আছেন, কেহ বলে তিনি ইহজগতে নাই।

কর্ম্মযোগী সুভাষচন্দ্র! তুমি যেখানেই থাকো, জগতে যোগরূঢ় শব্দ হইয়া থাকিবে। "পঙ্কজ" বলিলে পদ্ম ছাড়া অন্য পঙ্কজাত দ্রব্যকে যেমন বুঝায় না, তেমনি **নেতাজী** বলিলে পৃথিবীর অন্য কোনও নেতাকে না বুঝাইয়া বাংলার **সুভাষচন্দ্রকেই** বুঝায়। ইহাই আমাদের সান্ত্বনা।

"আমি আজীবন ভারতবর্ষের সেবক, জীবনের শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত আমি তাই থাকব। পৃথিবীর যে অংশেই আমি থাকি না কেন, একমাত্র ভারতের প্রতিই আমার আনুগত্য ও ভক্তি আজকের মত চিরদিন অক্ষুণ্ণ থাকবে।"—ইহাই ছিল নেতাজী সুভাষচন্দ্র বসুর শুধু লেখনী-নিঃসৃত লিপিই নহে, তাঁহার অন্তরের বাণী।

---

## *নাগরিকবোধ*

॥ সু—মো—দে ॥

একালে মোদের নাহিক মোটেই
নাগরিকবোধ কভু,
পথে আলো নেই, আলো-বেলহীন
সাইকেল চড়ে তবু!
জলকল মুখ নিয়ে যে পালায়
আলোর-বাল্‌ব ভাঙে ঢিলে হায়,
এইত মোদের জাতি চরিত্র
দেশ হ'ল জবুথবু,
একালে মোদের নাহিক মোটেই
নাগরিকবোধ কভু!
ট্রেণের-গদি ছিঁড়ি অকাতরে
আরশিটি খুলে পালাই যে ঘরে,
হামেশাই করি অসৎ-কার্য্য
মোরাই জাতির হবু,
একালে মোদের নাহিক মোটেই
নাগরিকবোধ কভু!

---

## *গোগাড়ী চাপা পড়ে বৃদ্ধের মৃত্যু*

সুতি থানার বাজিতপুর গ্রামে এক বৃদ্ধ শীতে কাতর হ'য়ে রাস্তার পাশে রোদে বসেছিল। এমন সময়ে একখানি গোগাড়ী তাকে চাপা দিয়ে চলে যায়। ঘটনাস্থলেই বৃদ্ধের মৃত্যু হয়। গাড়ীসহ গাড়োয়ানকে গ্রেপ্তার করা হয়েছে।

## প্রতিমা নিরঞ্জন শোভাযাত্রাকালে লোহার ডাণ্ডার আঘাতে
# কলেজের ছাত্র আহত

গত ২৫শে জানুয়ারী শনিবার রাত্রিতে জঙ্গিপুর সাহেববাজারে পোষ্ট-অফিসের সন্নিকটে সরস্বতী প্রতিমা লইয়া অগ্রে যাইবার দাবিতে কলেজ হোষ্টেলের ছাত্রগণের সহিত 'শঙ্কর রেডিও' প্রতিষ্ঠানের কর্ম্মকর্ত্তার তুমুল বাকবিতণ্ডা চলার সময়ে লোহার ডাণ্ডার প্রচণ্ড আঘাতে একটী ছাত্র সাংঘাতিকভাবে জখম ও অন্যান্য ছাত্রগণ লাঞ্ছিত হইয়াছে। ছাত্রগণের অভিযোগে পরদিন পুলিশ শ্রীহরিশঙ্কর ভকতকে গ্রেপ্তার করেন। পরে জামিনে মুক্তি দেওয়া হইয়াছে।

গত ২৭শে ও ২৮শে জানুয়ারী কলেজের ছাত্রগণ প্রতিকারের দাবিতে দলবদ্ধভাবে বিরাট মিছিল সহকারে জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহর প্রদক্ষিণ করিয়া মহকুমা-শাসক মহোদয় সমীপে গমন করে।

---

### হর্ষবর্দ্ধন

—শ্রীবাতুল।

শিক্ষায়তন প্রাঙ্গণ হিংসাত্মক কাজের পীঠভূমি হতে পারে না—উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় তদন্ত কমিটির রিপোর্ট।

কিন্তু এটা আকছার হচ্ছে।

* *

যে সব যাত্রী পৃথিবীর বাইরে বিশেষতঃ চাঁদে যেতে চান প্যান আমেরিকান এয়ারওয়েজ তাঁদের একটি তালিকা তৈরী করছেন। —সংবাদপত্রের উদ্ধৃতি।

গাছে না উঠতেই এক কাঁদি!

* *

ইষ্ট বেঙ্গল ডুরাণ্ড ফাইনালে পরাজিত। —

ডুরাণ্ড দুর্দান্ত—

তাই মোরা ক্ষান্ত।

* *

এবারে মকর স্নানে গঙ্গাসাগরে কয়েক লক্ষ পুণ্যার্থীর সমাবেশ হয়।

ভোটপ্রার্থী পুণ্যার্থী কতজন ছিলেন?

* *

কলিকাতার উন্নয়নে টাকার অভাব হবে না বলে ইন্দিরাজী সম্প্রতি কলিকাতায় এক আশ্বাস দিয়েছেন।

বঙ্গবাসীর পোয়াবারো তাহলে।

* *

মার্কিণ প্রেসিডেন্টের বেতন বৃদ্ধি হল।

গিয়েছেন জনসন,
বসেছেন নিকসন,
বার্ষিক দুই লাখ ডলারের বড় জাঁক,
কুবের মুলুকে ভাই বড় কম এ বেতন।

* *

পৌরসভায় 'গুরু' বন্দনা —
সংবাদের শিরোনামা।

উত্তমকুমার বর্ণশ্রেষ্ঠ, সুতরাং 'গুরু' নামে তাঁর অনুরাগীরা তাঁকে ডাকেন এতে আর আশ্চর্য্য কি?

* *

জনৈক ভদ্রলোক: আরে মশাই, অলিতে গলিতে সরস্বতী পুজো, দিনের দিন বাড়ছে। আচ্ছা লগনচাঁদা ছেলে সব, চাঁদা ছাড়া কথা নেই।

আরেক জন: দেখুন, পরীক্ষায় ফেলের সংখ্যা বাড়ছে। দেবীকে প্রসন্না করার দরকার ত! তাছাড়া দিলবাহারী গান আর টুইষ্ট নাচের সুযোগ কে ছাড়বে বলুন?

---

### সরস্বতী পূজা

অন্যান্য বৎসরের তুলনায় এবারে জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহরের পল্লীতে পল্লীতে ও অলিগলিতে মা সরস্বতীর প্রতিমা পূজার সংখ্যাধিক্য দেখা গিয়াছে। পল্লী অঞ্চলের বহু গ্রামে পূজা হইয়াছে। অধিকাংশ প্রতিষ্ঠানই সাধারণের নিকট চাঁদা সংগ্রহ করিয়া বাণী বন্দনা এবং খেয়াল খুশিমত প্রতিমা নিরঞ্জন করিয়াছেন ও করিতেছেন।

রঘুনাথগঞ্জ জঙ্গিপুরের কারিকরগণের তৈরী প্রতিমা ছাড়াও বহরমপুর, কৃষ্ণনগর ও কলিকাতা কুমারটুলি হইতে অনেকগুলি প্রতিমা স্থানীয় পূজা সমিতির উদ্যোক্তাগণ আনয়ন করিয়াছিলেন।

---

### সাধারণতন্ত্র দিবস

গত ২৬শে জানুয়ারী রবিবার জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহরে এবং মহকুমার বিভিন্ন স্থানে সাধারণতন্ত্র দিবস যথারীতি প্রতিপালিত হইয়াছে। জঙ্গিপুর ফৌজদারী আদালত ভবনে মহকুমা-শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত মহোদয় জাতীয় পতাকা উত্তোলন করেন এবং সশস্ত্র পুলিশ-বাহিনীর অভিবাদন গ্রহণ করেন। রঘুনাথগঞ্জ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা জাতীয় পতাকা উত্তোলনের সময় জাতীয় সঙ্গীত পরিবেশন করেন। উক্ত সময়ে সরকারী কর্ম্মচারিবৃন্দ ও জনসাধারণ উপস্থিত ছিলেন। সরকারী ও বে-সরকারী অফিস-সমূহে, মহাবিদ্যালয়ে, সমস্ত বিদ্যালয়ে এবং বিশিষ্ট নাগরিকগণের বাড়ীতে জাতীয় পতাকা উত্তোলিত হয়। জঙ্গিপুর মহকুমা তথ্য-দপ্তরের পরিচালনায় ও রঘুনাথগঞ্জ ছায়াবাণী সিনেমা হল কর্তৃপক্ষের সহযোগিতায় প্রাথমিক বিদ্যালয়ের বার শত ছাত্র-ছাত্রীকে ছায়াচিত্র দেখান হয়।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১০ই ফেব্রুয়ারী, ১৯৬৯

১৯৬৮ সালের ডিক্রীজারী

৭ মনি ডিঃ চারুচন্দ্র সাহা দেং তিনকড়ি মুখার্জ্জী দিং দাবি ১১৫-৯২ থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ৫৮/৯ পাই জমার ১-৫১ শতক তন্মধ্যে ২৮ শতক জমির জমা ১৲ টাকা খং নং ৫৯ আঃ ১০০৲ রায়ত স্থিতিবান

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১০ই মার্চ্চ, ১৯৬৯

১৯৬৮ সালের ডিক্রীজারী

৮ মনি ডিঃ অবনীভূষণ দাস দেঃ ধনপতি ভাস্কর দাবি ১৫৫-১৬ থানা সুতি মৌজে আহিরণ ২ শতক জমির কাত ১৵০ আঃ ১৩০৲ খং নং ৯৩৩

---

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

## জবাকুসুম

কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২

KALPANA.J.K-84.8



শী.ত ব্য ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

### ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

### পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ **শ্রীরোহিনীকুমার রায়**, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১'২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০'০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২'০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮'০০ আঠার টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)